

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.১১.৮৬৩.১৭-৩২৮

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫/১০/২০২৩ তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০১৪.২২ (অংশ)-২৬৮ নম্বর স্মারকের সুপারিশক্রমে এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০/-৫৩০৬০/- বেতনক্রমে (গ্রেড-৯) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর “পরিসংখ্যান কর্মকর্তা” (নন-ক্যাডার) পদে নিম্নোক্ত ৭ জন প্রার্থীকে শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	মেধাক্রম	রেজিস্ট্রেশন নং	নাম
১	১	১২০১৮১৪৫	উম্মে শরমীন স্নিখা
২	২	১৩০০৯৫৯৮	আহসান হাবীব
৩	৩	১৩০২০১৬৭	মোহাম্মদ আরিফ উদ্দিন
৪	৪	১১১৩৬৪৭২	ইফতেখার আহমেদ
৫	৫	১৩০১৫৮২৮	ফারজানা হক
৬	৬	১১০৬৬৮৭৫	মোঃ আল-রাফসান মোস্তফা
৭	৭	১১০৮২৬৭৬	মোঃ নদভীর আহসান জীম

শর্তসমূহ:

- (১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে আগামী ২১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ/ ৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ পূর্বাফে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর যোগদান করতে হবে;
- (২) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (৩) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর চাকরি স্থায়ীকরণের বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;
- (৪) শিক্ষানবিশকালে তাঁদের চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁদেরকে চাকরি হতে অপসারণ করতে পারবে;
- (৫) যে কোনো সময় নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশিত বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (৬) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধা সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁদের নিয়োগ বাতিল হবে এবং তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;
- (৭) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থী নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (৯) চাকরিতে যোগদানকালে প্রার্থী যোগদান পত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প উপরে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অশীকারনামা দাখিল করবেন;

- (১০) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুযায়ী সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে; এবং
(১১) নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত

০৮.০৪.২৪

ড. শাহনাজ আরেফিন এনডিসি

সচিব


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৫.১১.৮৬৩.১৭-৩২৮ (৬০)

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৭। মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [পরবর্তী বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২ কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের অনুরোধসহ]।
- ১০। পরিচালক (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
- ১৪। জনাব.....।
- ১৫। অফিস কপি/ব্যক্তিগত নথি।


০৬.০৪.২৪
শ্রীফ নজরুল ইসলাম
উপসচিব